# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

وضع اليمنى على اليسرى و الامر به বাম হাতের উপর ডান হাত রাখার নির্দেশ

নাবী (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বাম হাতের উপর ডান হাত রাখতেন।[1] আর বলতেনঃ

إنا معشر الأنبياء أمرنا بتعجيل فطرنا وتأخير سحورنا وأن نضع أيماننا على شمائلنا في الصلاة

আমরা নবীদের দল ইফতার অবিলম্বে করতে, সাহুর বিলম্বে খেতে এবং ছালাতেবাম হাতের উপর ডান হাত রাখতে আদিষ্ট হয়েছি।[2]

مر برجل وهو يصلي و قد وضع يده اليسرى على اليمنى فانتزعها و وضع اليمنى على اليسرى

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির পাশ দিয়ে অতিক্রম করছিলেন। এমতাবস্থায় যে, সে তার ডান হাতের উপর বাম হাত রেখে ছলাত আদায় করছিল, তিনি তার হাত ছাড়িয়ে ডান হাতকে বাম হাতের উপর রাখলেন।[3]

ফুটনোট

[1] মুসলিম ও আবু দাউদ; এটি ইরওয়া-তেও উদ্ধৃত হয়েছে (৩৫২)।

[2] ইবনু হিব্বান ও যিয়া ছহীহ সনদে।

[3] আহমাদ ও আবু দাউদ ছহীহ সনদে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8119

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন